

## যীশু একটি বালকের দানের দ্বারা ৫০০০ জন লোককে খাইয়েছিল।

প্রার্থনা : “প্রিয় প্রভু, একজন উত্তম মেসপালক কি করেন তা দেখাতে শিশুদের জন্য এই পাঠক্রমটি ব্যবহার কর যাতে তা দেখে তারাও প্রেমেতে যত্ন নেওয়ার দ্বারা একে অন্যের সেবা করতে পারে।”

শিশুদের বয়স ও প্রয়োজনের সাথে মানান সই যে কোন একটি শিশুদের শিক্ষণ কাজ বেছে নিন।

একজন বালক কি ভাবে যীশুকে পাঁচটি রুটি ও দুটি মাছ ভাজা দিয়েছিলেন এবং তিনি কিভাবে তা থেকে অলৌকিক ভাবে লোকদের খাইয়েছিলেন, তা ব্যাখ্যা করুন। (যোহন ৬:৯)

যীশু, আমাদের উত্তম মেসপালক কিভাবে ৫০০০ ক্ষুধার্ত লোককে পাঁচটি রুটি ও দুইটি মাছ ভাজার সাহায্যে আহার দান করেছিলেন তা মার্ক ৬:৩০-৮৮ অংশ থেকে একজন প্রাপ্তবয়স্ক অথবা একজন বড় ছেলে বা মেয়েকে পড়তে অথবা মুখস্থ বলতে দিন।

এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন (মার্ক ৬ অধ্যায় থেকে উল্লেখিত পদগুলি থেকে উত্তর খুঁজুন)

- যীশু তাঁর শিষ্যদের ক্ষুধার্ত লোকদের জন্য কি করতে বলেছিলেন? (৩৭)
- শিষ্যরা লোকদেরকে কি ভাবে বসিয়েছিল? (৪০)
- জন সমাগমকে আহার করানোর জন্য যীশু কি ব্যবহার করেছিলেন? (৪১)
- কতটা খাবার অবশিষ্ট থেকে গেছিল? (৪৩ পদ)



মার্ক ৬:৩০-৪৪ অংশ থেকে যীশুর ৫০০০ জনলোককে খাওয়ার ঘটনার কিছু অংশ নাটক আকারে প্রস্তুত কর।

আরাধনাকারী উপাসক মন্ডলীর নেতাদের নিয়ে শিশুদের জন্য নাটকটি উপস্থাপন করার ব্যবস্থা করুন। শিশুদের সাথে আপনার শিক্ষা দেওয়ার কিছুটা সময়ে এটি প্রস্তুত করতে ব্যবহার করুন। বড় শিশুদেরকে ছোটদের সাহায্য করতে দিন।

- বড় শিশুদের অথবা প্রাপ্ত বয়স্কদের যীশু এবং বিবৃতিকার যিনি গল্পটি সংক্ষিপ্ত করবেন এবং শিশুদের কি বলতে এবং হবে তা স্মরণ করিয়ে দেবেন, তাঁর ভূমিকায় অভিনয় করতে দিন।
- ছোট শিশুদের ক্ষুধার্ত লোকদের এবং শিষ্যদের ভূমিকায় অভিনয় করতে দিন। যারা শিষ্য হবে তারা হাতে এমন কিছু রাখবে যা খাবারের মত মনে হবে।

বিবৃতিকার : মার্ক ৬:৩০-৪৪ অংশটি থেকে গল্পটি বলবে। এরপর বলবে, “লোকেরা কি বলছে তা শুনুন।”

লোকেরা : “এস আমরা যীশুর অনুসরণ করি।”

“ওনার শিক্ষা শুনতে আমি খুব পছন্দ করি।”

“উনিই হলেন আমাদের উত্তম মেসপালক”

শিষ্যরা : “হে যীশু লোকদের এবার বিদায় দিন”

“ওরা এখন ক্ষুধার্ত এবং এই জায়গায় খাবার কিছু পাওয়া যায় না।”

যীশু : “তোমরা ও দের খাওয়ার বন্দোবস্ত কর।”

শিষ্যরা : “কিভাবে ওদের খাওয়ার বন্দোবস্ত আমরা করতে পারি?”

“আমাদের কাছে যথেষ্ট অর্থ নেই।”

“আর যদি যথেষ্ট অর্থও থাকত, তথাপি এখানে কোথাও খাবার কিছু পাওয়া যায়না।”

যীশু : “এই বালকটি ওর দুপুরের খাবার আমাকে দিয়ে দিয়েছে! লোকদেরকে সারি সারি হিসাবে বসতে বল।”

লোকেরা : ছোট ছোট দলে বসবে।

যীশু : উপরের দিকে তাকিয়ে বলবে, “পিতা, এই আহারের জন্য তোমাকে ধন্যবাদ।”

শিষ্যেরা : লোকদেরকে “আহার” দেবে।

লোকেরা : খাবার ভঙ্গি করবে। বলবে, “ওই দেখ সবার খাওয়ার জন্যে যথেষ্ট খাবার আছে।”

“এর স্বাদটাও দারুণ”

“কত খাবার বেঁচে গেছে”

“১২ জালা ভর্তি খাবার বেশী হয়েছে।”

“কি অলৌকিক কাজ!”

বিবৃতিকার : যারা সাহায্য করেছে তাদের প্রত্যেককে ধন্যবাদ জানাবে।

প্রশ্নাবলী : শিশুরা যদি প্রাপ্তবয়স্কদের জন্য গল্পটি উপস্থাপন করে থাকে তবে তাদের উপরে তালিকা ভুক্ত প্রশ্নগুলিকেও তাদেরকে জিজ্ঞাসা করতে দিন।

- অন্যান্য কি কি উপায়ে যীশু লোকদের যত্ন নিয়ে থাকেন?
- (শিশুদের অথবা প্রাপ্তবয়স্কদের উদাহরণ দিতে দিন)
- বর্তমান কালে আমাদের পালকেরা কি ভাবে লোকদের খাইয়ে থাকেন?

(উত্তর - ঈশ্বরের বাক্য সহযোগে। যীশু বলেছে, মনুষ্য কেবল রুটিতেই বাঁচবেনা, কিন্তু ঈশ্বরের মুখনিঃসৃত প্রত্যেক বাক্য দ্বারাই বাঁচবে।” (মথি ৪:৪)। ব্যাখ্যা করুন যে, দিয়াবল যখন যীশুকে পাপ করতে প্রলোভিত করেছিল তখন যীশু সর্বদা শয়তানের উত্তর দেবার জন্য ঈশ্বরের বাক্যকে ব্যবহার করেছিলেন।)


মাছের একটা নমুনা ছবি আঁকুন। শিশুদের তা নকল করতে দিন। বড় শিশুরা পাঁচটি রুটি এবং দুটি মাছ ভাজার ছবিও আঁকতে চাইতে পারে।



- শিশুরা পরবর্তী আরাধনার সময় প্রাপ্তবয়স্কদের এবং ঘরে পিতামাতাকে তাদের ছবিগুলি দেখাতে পারে।
- প্রাপ্তবয়স্কদের এবং তাদের পিতামাতার কাছে শিশুদের ব্যাখ্যা করতে দিন যে, এই ছবিগুলি, যীশু কি ভাবে লোকদের প্রয়োজন মেটাবার বিষয়ে যত্ন নিয়েছিলেন তা দেখায়।
- তাদেরকে এটাও বলতে দিন যে স্বর্গে আমরা কখনো ক্ষুধার্ত হব না।

যোহন ৬:৫১ মুখস্থ কর।

কবিতা : তিনজন শিশুরা প্রত্যেককে দুটি করে গীতাসংহিতা ১৪৬ অধ্যায়ের ২ এবং ৬ পদ, ৭ ও ৮ পদ এবং ৯ ও ১০ পদ গুলিকে আবৃত্তি করতে দিন।



লোকেরা কিভাবে ঈশ্বরের বাক্যের উপর কিরূপ উৎসব পালন করে তার উপর বড় শিশুদের গান অথবা কবিতা লিখতে বলুন। তারা এটা সপ্তাহের মধ্যে করতে পারে।

প্রার্থনা : মথি ৬:৯-১৩ অংশ থেকে প্রভুর প্রার্থনা বলুন।